



আরেক মামলায় গ্রেফতার দেখানো হলো কণ্ঠশিল্পী মমতাজকে



ছবি: সংগৃহীত

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় মিরপুরে মুক্তার হোসেনকে হত্যা চেষ্টার অভিযোগে দায়ের করা মামলায় সাবেক সংসদ সদস্য ও কণ্ঠশিল্পী মমতাজ বেগমকে গ্রেফতার দেখানো হয়েছে।

বুধবার (২৪ জুন) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত পুলিশের আবেদনের পর এ আদেশ দেন।

মামলার অভিযোগে বলা হয়, ২০২৪ সালের ৪ আগস্ট মিরপুরে আন্দোলন চলাকালে হামলা ও গুলিবর্ষণের ঘটনায় আহত হন মুক্তার হোসেন। পরে তিনি এ ঘটনায় হত্যা চেষ্টা মামলা দায়ের করেন। তদন্তে সম্পৃক্ততার তথ্য পাওয়ায় মমতাজকে মামলায় গ্রেফতার দেখানো হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

LENS ASIA